Homie`s if you are just vibing the song I mentioned above right now whilst reading me (my thoughts of course), you may or may not have come across the line…" MODERN LONELINESS, WE NEVER ALONE BUT ALWAYS DEPRESSED". Now you, my homie`s will be like, why particularly this line? This line because we are urbanized indeed modern people we have learned to keep all our problems to ourselves and show the world a smiling face. But there are times when we can't handle the agony anymore, we need to ooze it out and then my friends' creation of picture void, alias online accounts are borned. Ultimately we show the world we truly are but not who we are. We like to be comforted but not at the cost of revealing ourselves truly to the world. This too not until we stop talking to ourselves, asking time to time for solutions to ourselves for the problems we are in. We modern people are never alone cause we can't stop talking to ourselves, to survive to maintain the perfect image to the outside world we create characters within ourselves hoping they will guide us to tranquillity. For us GETTING CLOSE IS OKAY UNTIL AND UNLESS ITS IN CENTIMETERS AND PERIMETERS. We people are better off over the screen.

Everything around us is changing, be it people or universe itself (I know my writing style too). Nothing is permanent, THINGS WHICH ARE MANUFACTURED NEEDED TO EXPIRE. The only thing that's inhibiting this pretty quote of mine to petty is OUR THINKING, the way to ponder happenings. You know what it's time we should change the way we think too. Why can't we try just a little and intervene in the routes of our thoughts? Why can't we stop thinking and counting, "how many times or how much we fail?" and start to think, "how much more closer we are to success". Everytime we fail we lose morals, but why can't we process our brains like, every failure is a step closer to success, the more we fail the more we pinpoint even the smallest clue to success. The more we fail the more we know what are the complete don'ts in the journey to success. Achieving success is difficult but being able to nurture and keeping it, is the challenge. And no one but a thousand time failure can do this job the best. when we succeed we greet prestige, gay, responsibility but when we loose/ when we fall out we build fortitude, get resilient, acquire knowledge and most importantly get tactful which ultimately hauls us towards us towards success. All we have to do after we fall out is to stand up, learn from mistakes and try

again. It's not that hard, is it?. Not now, not today, not tomorrow, but yes never is not a word its rather someday. By so far growing from infant to a fully sprouted adult we fall a thousand- millionth of time, it's in our nature, so now let's make it our strongest weapon upon leading life too. We learned to walk after we fall, we will learn to rise after we fail, its nature mate accept it. WAVERING OUR OLD SCHOOL THOUGHT PROCESS CAN BENEFIT US A LOT AND WORDS LIKE DEPRESSION, ANXIETY, MODERN LONELINESS WILL START TO EXTINCT.

Finally it's the end, end of my thoughts and beginning of yours. The things today I learned whilst and after penning down my peace of mind is, it's not always about, let's talk about it yesterday or tomorrow, it's about saying I'm here to listen. Prioritizing what we lost or what our miseries seems is an easier task than thinking of what we should do ahead from here. It says ALL THE HAPPENINGS IN LIFE SEEMS EASY FROM AFAR, so why not just mold this little verdict like, LET US ALL SEE OUR SUFFERINGS LIKE ITS FROM AFAR. Everyone out there, let's just try and make our tragedy into comedy, cause time will never give you situations where you are allowed to laugh recklessly when you start growing up. SO LET US NOT JUST SEARCH FOR HAPPINESS BUT MAKE SOME WITHIN. LET US PINKY SWEAR EACH OTHER TO SMILE,GRIN,LAUGH,SNICKER AND TRY TO TOPPLE ALL THOSE THINGS THAT SEEMS LIKE TRYING TO SHAKE OUR LITTLE HAPPY WORLD UPSIDE DOWN.

Lastly, before I leave, I know it's already a very big journey and I'm more than greatly honoured and thankful for you all if you came this far or maybe even if you started and ended within the first two lines.



মিতালী ঘোষ
বটানি অনার্স (SEM-V)

## A ROSE BY THE ROAD

Who sees that rose flying with wind by the road day and night?
As if it was born to fly, not those birds high.
No more wanting blossoms, no more,
As if it's crying for the sky much high, and those clouds.
I have seen the rose, I have seen
And I asked her pains, like a tree and she said.
Slowly I stepped closer, plucked her near my chest
And felt her, she was looking for her nest, looking up;
I too dreamt but I am not a rose, she is,
She went high giving me her Red.
Slowly, slowly
She flied away as if a bird that high
As if she was not a Rose.
Like me, waiting for someone to free
To go back to clouds from where like angels we came.



শঙ্কর চক্রবর্তী
কম্পিউটার সায়েন্স অনার্স
(SEM-III)

## Bachelor's Happiness....

হ্যাঁ, এটা প্রথম দিনই ছিল বোধহয়
আমার পথ কলেজের দিকে,
হয়ত এক স্কুল ফ্ল্যাশপেজ হয়ে।
নতুন একটা ব্যাগ, বই নেই যদিও
ভেতরে একটু ভারী কিন্তু লাজুক মন নিয়ে
শুরু হল যেই ঘন্টা ; পুরানো ভাব নিয়ে।
ছিলাম সেই চেনা - অচেনার মাঝে
হাসি ঠাট্টা, গল্প- টিটকারি আসেনি তখনও কাছে
আছি তখনও বসে, ঠিক জানলাটার পাশে।
সেই অচেনাভাব থেকে চেনা পরিবার
আর চেনা-র অচেনা কারবার
সবেরই মাঝে পেলাম কে অন্য পরিবার।
'চল আজ চা হয়ে যাক থেকে
'আজ তুই খাওয়াবি'-র Business
we bachelors all found HAPPINESS



শ্যামসুন্দর সাহা
রসায়ন অনার্স (SEM-III)

# কবিতা

## আশ্চর্য যান্ত্রিকতা

সমস্ত যান্ত্রিকতার মাঝবরাবর মানুষ হারিয়ে
ফেলছে তার গতিগুলি, ঝিমিয়ে পড়ছে! বা কখনো
সামান্য উদ্দীপনা দেখাচ্ছে যে আজও তাঁরা বেঁচেবর্তে
দিব্যি আছে! নিয়মমাফিক উঠছে সকাল
বেলায় তাদের কাজকর্মগুলি নিছক তালিকার
মতো বাঁধা ধরা? কী আশ্চর্য না! রক্তমাংস
দিয়ে গড়া একটা জীব বলা ভুল হয় জীবগুচ্ছ
তাও কিবা বলে এরা যান্ত্রিক নিয়মের
বাঁধাধরা কালে আবদ্ধ, আশ্চর্য আশ্চর্য
যান্ত্রিক সব মানে রক্ত মাংস, হৃদপিন্ড, ফুসফুস,
ধমনী, শিরা, উপশিরা কতকি নিয়ে যে গঠিত
মানব দেহ! যান্ত্রিক না হলেও এগুলি
যান্ত্রিকতার সমান নয় কী! রোজ সকাল
থেকে রাত পর্যন্ত কেনাগারে খেটে যাওয়া
মাথা নিচু করে মুখ তোলবার মতো সময়
থাকে না আবারতারা নাকি যান্ত্রিকতার-
মাঝ দিয়ে কোমল পরিবেশকে বাঁচাতে চায়!
বাঁচাবে নাকি মেরে ফেলবে নিজেরাই সেটাই বুঝতে
পারে না এরা। বাঁচানোর বদলা হিসেবে তাঁরা
সমস্তটা ধ্বংস করে শেষ করে দিতে চায় নিজের
যান্ত্রিকতার করাল গ্রাস দিয়ে। হারিয়ে ফেলছে
মানুষ তার যেই কোমল হৃদয়গুলি যেখানে প্রতিনিয়ত
কোমল উদিত হয়, পাখিরা কুহেলিকা কুঞ্জন
গায়, সূর্য তার লাল আলো দিয়ে সমস্তটাকে
রঙিন আবেগময় করে তোলে, সেখানে সূর্য অস্ত গেলে
অন্ধকার নামার যে সন্নিদিগন্ত মূহুর্ত তা খঞ্জর
ন্যায় বুকে বাদিত... ধ্বনি তালে উত্তাল
কবে বলে ভালোবাসিতে যান্ত্রিকতার বেড়াজাল
কে ভাঙিতে বলে, প্রকৃতির এই লাবণ্যময়ী আকাশ
কে যে সান্নিকর্ষণ গ্রাসে আপন করে নেয়,
সেই পুরাতন দিনের মতো আবার বলে উঠি চল

-'হে আভাময় ফিরাত্ত আভা
ঘুচাও যান্ত্রিকতার গ্লানি,
দাও হেরি ফিরায়ে তব মুর্ছায়িত
হয়ে ওঠার বাণী।'
আজও হয়তো অপেক্ষায় থাকি যেই
সুবর্ণ সর্ণালি মনানিবিমিত মানুষকে
ফিরাই আজ।

সৌমিতা মিত্র
রাষ্ট্রবিজ্ঞান অনার্স (SEM-III)

# গল্প

## যা দেবী সর্বভূতেষু

- ' চোখ, কান আর মাথা সবটাই তো গেছে, যা দেখছি।'

-'কেন, ঠাম্মা আমি তো কত সুন্দর করেই সাজলাম।'

- 'বলি, কার জামা পড়েছিস ?'

- 'আহা। মা ছেড়ে দাও, ও মনে হয় বুঝতে পারেনি।'

- 'যাও বাবু মায়ের কাছে যাও, মা নতুন জামা পড়িয়ে তোমায় তৈরি করে দেবে।'

- 'উফ্‌ফ এই ছেলেকে নিয়ে তো পারা যায় না। বংশের প্রদীপ সে নাকি তার এরকম মেয়েলিপনা, দিন দিন যেন বাড়ছে। কোথা থেকে মেয়েদের জামা পড়ে চলে এসেছে। কোথা থেকে যে পেল ওটা। ওই দরিদ্রদের বস্ত্রদানের কোনো জামা মনে হয়। আর পারিনা বাপু। শোন খোকা বৌমাকে রাশ ধরতে বল।'

ঠাকুর দালান, সপ্তমীর পূজা চলছে। নবপত্রিকা স্নান শেষ। ঢাকের আওয়াজের তালে চারিদিকটা মুখর হয়ে রয়েছে। ধূপের, কর্পূরের সুবাস বাতাসে ছড়িয়ে পড়ছে দ্রুত। পুরোহিত মশায়ের মন্ত্রোচ্চারণে এর সাথে মিশে যাচ্ছে সারাটা বছর অপেক্ষার পর মাকে দেখার আনন্দ, কত প্রার্থনা, আর্তি। মা অলক্ষ্যে পরখ করছেন সব।

প্রায় ২৫০ বছরের পুরোনো পূজো। ছোট্ট মফঃস্বল আহেরীনগর। শরৎচন্দ্র ধার নিয়ে বলা যায়, গ্রাম ছোটো, জমিদার আরো ছোটো, তবে দাপট ততোধিক। একসময়ের দাপুটে জমিদারদের বনেদিয়ানা জমিদারের মতোই ক্ষয়িষ্ণু। নামে, আচারে আর এই পূজোয় তাই ঠাহর করানোর চেষ্টা হয়। এখনকার প্রজন্ম - দুই ছেলে ও এক মেয়ে নিয়ে সপ্তর্ষি, বসুষেণ আর প্রাচী ভট্টাচার্য্য তাদের বংশ বাড়াচ্ছে। যদিও মেয়েটির বিবাহ দেওয়া যায়নি। প্রতাপকান্ত ও নির্ঝরণীদেবীর তাই এই মেয়েকে নিয়ে প্রভূত চিন্তা।

প্রাচী যদিও এখন ঠাকুরদালানে নেই। সে তার দোতলার ঘরে। নিভৃতে সে তার ঘরের জানালায় এসে দাঁড়ালো। এই ঘরটা থেকে সরাসরি একতলায় ঠাকুরদালানের সব কিছু দেখা যায়। আজ মনটা আবার কেমন মুষড়ে আছে ওর। এত আলো, রোশনাই, জাঁকজমকপূর্ণ আয়োজন সব এতটা ফিকে কেন লাগছে তার কাছে, সেটাই ঠাহর হচ্ছে না। মনের অলিগলির খবর আজকাল সে ভালোভাবে পায় না। উৎসবের নিয়নে প্রাচী যেন আরো ধূসর হয়ে যাচ্ছে। অথচ এমনটা তো ছিল না ও। ঠাকুর দালানে প্রতিমা গড়ার সময় থেকে প্রতিটা ক্ষণ সে যেন ধরে রাখতে চাইতো। মনের আনাচে কাণাচে টইটুম্বুর করে। তখন হরিদাস জেঠু প্রতিমা গড়তেন। অসাধারণ পুরাণের গল্প বলতে পারতেন মানুষটা। ছোট্ট প্রাচীর মা দুগ্গাকে নিয়ে সব কৌতূহল নিরসন করে দিতেন অনায়াসে। আল্পনা দেওয়ার মহড়া, ড্রয়িং খাতায় সাদা সাদা পালক মেঘ জমা হত। এখন আর সে সব নেই। সেদিন অধীশ্বরকে দেখেছিল ওই বিলের ধারের

রাস্তায় হাঁটতে। তখন কি মনে হয়েছিল ওর জানিনা, তবে বাড়ীতে এসে একটা লাইন বড্ড খচখচ করছিল
- 'দেখেছিলাম আলোর নীচে অপূর্ব সে আলো, স্বীকার করি দুজনকেই মানিয়েছিল ভালো।'
একটা মানুষের ছেড়ে যাওয়া এইভাবে জীবনটাকে ফিকে করে দেয়- প্রাচী যে এত পড়তে ভালোবাসতো, কেন মাঝেমাঝেই এমন হারিয়ে যায় সবকিছুর থেকে দূরে। গিরিরাজ দুহিতা কী সে সব জানে?
বাড়িতে তো সকলে তার গ্রাজুয়েট হতেই সম্বন্ধ দেখতে শুরু করে দিয়েছে। সে কিছুতেই এখন বিয়ে করবে না। পড়তে হবে যে। আবার ধৃতিটা বকা খেল মনে হয়। বড়দার ছেলে, তার ভাইপো। জীবনের নক্সীকাঁথার ভুল মাপের ফোঁড় দিয়েই দেয় ও মাঝেমাঝেই। বড়বৌদিদি অদ্রিজার স্তুতি ততপর। তবলার মতা সকলের সাথে তাল মেলাতে চায়। আর বাচ্চাছেলেটার তালগোল পাকিয়ে যায়। সুধৃতি, সপ্তর্ষি আর অদ্রিজার ছেলে।
ছোটদা মানে বসুসেন এর এখনো বিয়ে না হওয়ায় মানের মতে ধৃতিটা বংশের প্রদীপ। তাই তাকে হতে হবে যাবতীয় গুরুগম্ভীর পৌরুষের ধারক-বাহক, ভাবটা এমন যেন বাজীরাও এর সিকউল হওয়ার দায় নিয়ে নিয়েছে। আজও বেচারা ফ্রক পরে বকা খেয়েছে।।
এই সময়ে ধৃতি ছোট- কাকে তার প্রশ্ন বলছে অন্য এক ঘরে, -আচ্ছা ছোটকা, এই ধরো কোনটা ছেলেদের পোশাক আর কোনটা মেয়েদের সেটা কি ঠাকুর বলে দিয়েছে? বড়ো কঠিন প্রশ্ন উত্তর দিতে পারেনা ছোটকা তাকে। বরং বলে, 'চল তো ছোটকা আমরা ঠাকুর দেখে আসি।'
ছোটকা যেতে যেতে ধৃতিকে বলে- 'কি রে, তুই অসুরকে প্রণাম করেছিস?'
সিঁড়ি দিয়ে নামতে নামতেই হট্টগোল এর আওয়াজ কানে আসে।
'শোনো বাপু, এটা ভদ্র বাড়ি, এই বাড়ীতে এসব হতে দেব না আমি।'
- 'আর বড়বৌমা, কোনো কেটা কাজ কি তুমি সুষ্ঠুভাবে করতে পারোনো? এত চেঁচামেচি শুনে প্রাচী ওপর থেকে তড়িঘড়ি নেমে এসেছে।
- 'আঃ মা, এত মানুষজনের সামনে বড়বৌদিদিকে ওমন করে বলছো কেন? কি হয়েছে একটু বলবে।
- 'আর কি হয়েছো সবই আমার কপাল! আরে পাথরবাটির ফলপ্রসাদটা নিয়ে তোমার বৌদিদি হাঁটতেই পারছিলেন না। আর কোথা থেকে এইসব হিজড়াদের একজন ওকে ধরে সব ছুঁয়ে দিলে। আগে তো এরা শুধু বাচ্চা নাচাতে বেরোতো, আজকাল আবার লজ্জার মাথা খেয়ে...
- 'থামো মা, অনেক বলেছো, লজ্জার কি আছে? দুর্গাপূজোয় ঠাকুর দেখতে এসেছে। আর অত বড়ো ভারী পাথরবাটি- একটু তো বেসামাল কিছু ঘটতেই পারে, তাড়াতাড়ি করছিল বৌদিদি। আর তুমি - উনি ধরে ফেলেছেন বলে ... উনি তো একটা অ্যাকসিডেন্ট থেকে বাঁচালো ওনাকে ধন্যবাদ জানাও। গেল গেল রব তুলেছো একেবারে।
- 'চুপ কর! এক হিজড়া কে তো এই মেয়েছেলেই বড়ো করছো।
- 'মা, মেয়েছেলে আবার কি শব্দ! আর কে হিজড়ে? তোমার কি মনে হয় হিজড়ে কোনো গালি?'

- 'যার আরাধনা করছো, তাঁর অকাল বোধন করেছিলেন যে রাম তিনিই বলেছিলেন এই তৃতীয় লিঙ্গের মানুসগুলো মঙ্গলের সূচক। তাদের ছাড়া কোনো শুভ কাজ ঘটবে না, আর তোমার আমার সৃষ্টিকর্তা যে এই মানুষকেও গড়েছেন তিনিই।

- ' আর ধৃতি যদি সত্যি তোমাদের মতে মেয়েসুলভ তাতে ক্ষতি কী? অন্তত ও তো আর বন্ধ ঘরে চার দেওয়ালের মধ্যে স্ত্রীকে পেটাচ্ছে না!' মায়ের মুখটা যেন নিমেষে কালো হয়ে যায়।

প্রাচী এগিয়ে গিয়ে বড়বৌদিদিকে জিজ্ঞাসা করে সে ঠিক আছে কিনা, আর তৃতীয় লিঙ্গের মানুষটার সাথে পরিচয় করে ধন্যবাদ জানায়। সে বলে তাঁরা খুবই দুঃখিত তাঁর এইরকম অপমানের জন্য।

- 'বৌদিদি, ওনাকে প্রসাদ দাও।'

-' ধৃতি, শোন তুই যত বড়ো হবি দেখতে পাবি, অনেক মানুষই তোকে সঠিক কার্যকারণ জানতে দিচ্চে না। কিন্তু জানবি, নিজে উদ্যোগ নিয়ে কেউ পাশে না থাকলেও একাই - মনকে বলে দিবি - একলা চলো রে।

প্রাচী কী তার মনকে ও এই কথা বললো, এতগুলো কথা বলার সাহস পেল কি করে সে?

ঠাকুর দালানে মাতৃ মুখটা কী আরো সহাস্য আরা উজ্বল লাগছে?

পাড়ার মাইকে শোনা যায় 'যা দেবী সর্বভূে তেষু, মাতৃ রূপেন সংস্থিতা।'



বৈদান্তী চৌধুরী
জ্যুলজি অনার্স (SEM-V)

# কবিতা

## প্রথম প্রতিশ্রুতি

প্রথম জীবনে যুবক-যুবতী
সাদা দুই মোমবাতি,
কিছু কিছু রঙিন হয়
আবার কিছু কিছু রংবিহীন।
আসতে আসতে ক্ষয়ে যেতে থাকে
জীবন নদী—
মোহনার খোঁজে তারা
এগোচ্ছে রোজই।
প্রতিশ্রুতি থাকে তাদের
একসাথে থাকার,
শুরু হয় নতুন জীবন
জ্বালিয়ে রাখার।

হাসি-খুশি, দুষ্টুমি
হয় কিছু দিন-
একজন চলে যায়
হঠাৎ একদিন।
অপর জন কাঁদে শুধু
কি করবে এখন ?
মোহনার খোঁজ করে
সে সারাক্ষণ।

প্রতিশ্রুতি ভেঙে রেখে
চলে গেলো সে,
আরেক জন ভাসছে তার
জীবন নদীতে।
বারির ন্যায় বইতে থাকে
একজন যখন-
আরেকজন খোঁজ পায়
মোহনার তখন।
যুবক-যুবতী
সাদা দুই মোমবাতি,
ভেঙে যায় তাদের সেই
প্রথম প্রতিশ্রুতি



প্রিয়াঙ্কা দাস
রাষ্ট্রবিজ্ঞান অনার্স (SEM-I)

# ভ্রমণ

## লাভা ঃ অন্তরের তৃপ্তি

নাহ্ !! এভাবে আর সম্ভব না। আমার পক্ষে এভাবে দিন রাত সব সহ্য করে বাঁচা সম্ভব না। আচ্ছা কি চেয়েছিলাম আমি! আমি কিছু তো চাইনি জীবনে। চেয়েছিলাম একটু সুখ, শান্তি আর একটু তৃপ্ততা। তাহলে কেন জীবনটা আমার বিষাদে ভরে যাচ্ছে? কেনো আর দুদন্ড স্থির হয়ে বাঁচতে ইচ্ছে করছে না? জানি না কিছুই জানি না, সকাল সন্ধ্যা ভাবতে ভাবতে মাথাটা জাস্ট ধরে যাচ্ছে আমার। মনে হচ্ছে যাই সোজা গিয়ে ট্রেনের সামনে ঝাঁপিয়ে পড়ি। হয়তো মৃত্যুই এসবের থেকে মুক্তির পথ।

এসব ভাবতে ভাবতেই স্টেশনের দিকে হাঁটছিলাম। ১০টা বেজে ২০ মিনিটে আমার ট্রেন আসবে। আর সেই ট্রেনে চেপে রোজকার ধরাবাধা নিয়মে কলেজের সামনে পৌঁছতে হবে। আর তারপর কলেজে গিয়ে শুরু হবে আরেক নাটক, দত্তবাবুর গরগর করে ইংরেজিতে লেকচার। মানুষটা বোঝেই না যে সদ্য বাংলা মিডিয়াম থেকে উঠে আসা ছাত্রছাত্রীদের প্রথম প্রথম ইংরেজীটা ধরতে অসুবিধা হয়। একেই তো পদার্থবিদ্যা তার ওপর ননস্টপ ওনার লেকচার, জীবনটা একেবারে কয়লা করে দিল।

এসব ভাবতে ভাবতে কখন যে কলেজের সামনে চলে এসেছি খেয়ালই নেই। যাই হোক এসেছি যখন যাই ওই রাবণের লঙ্কাতে যেখানে স্বয়ং রাবণের ভূমিকাই আছেন আমাদের সবার প্রিয় দত্তবাবু। তবে এসবের মধ্যেও ভালো কি জানো? আমাদের বাকি শিক্ষকরা আমাদের রাজবাবু, নির্মলবাবু, কুমারবাবু, দীপ্তবাবু, প্রভাসবাবু আর প্রত্যেক স্টুডেন্টের মধ্যমণি দর্শনা ম্যাডাম। জানি না এদের সাথে কিভাবে খুব অল্প দিনেই একটা অদ্ভুত সংযোগ তৈরি হয়ে গেছে।

বিশেষ করে রাজাবাবু আর দর্শনা ম্যাম। এরা দুজনেই জানিনা কোন একপ্রকার জাদু বলে সবার মনের কথা প্রায় বুঝে যায়। যদিও এটাকে জাদু নয় সাইকোলজি বলে যেটা দুজনেই খুব ভালো বোঝেন। তাই আমার ব্যাপারা বুঝতেও দুজনের কোনো বেগ পেতে হয়নি।

ডিপার্টমেন্টের সামনে যেতেই স্যাররা প্র্যাক্টিক্যাল শুরু করে দিতে বললেন। এবার প্র্যাক্টিক্যাল অফলাইনে হবে বলেছে তাই জোর কদমে প্র্যাক্টিক্যাল শুরু হয়েছে, সবাই রীতিমত আলোর বেগে সব গুছিয়ে নিচ্ছে। দুঘন্টা প্র্যাক্টিক্যাল করে বসে আছি শোনা গেলো আজ দীপ্ত স্যার আসবেন না, তাই ওনার ক্লাসটা চুপচাপ বসেই কাটিয়ে দেব ভাবলাম। কারণ পরবর্তী ক্লাস আমাদের প্রসাদ স্যারের আছে ম্যাথ ডিপার্টমেন্টে।

চুপচাপ বসে থাকার ইচ্ছে আর পূরণ হলো না, রাজ স্যার আসলেন আর জিজ্ঞেস করলেন ফাঁকা আছি কিনা। হ্যাঁ বলাতে উনি টুকটাক পড়াশুনার বিষয় নিয়ে আলোচনা করছিলেন আমাদের সাথে। তারপর আসতে আসতে আলোচনা পড়াশুনা থেকে বাস্তব জীবনের কঠিন অভিজ্ঞতাতে স্থানান্তরিত হলো।

অনেক কিছু বলেছিলেন সেদিন জীবনের ওঠা-নামা নিয়ে। কিভাবে ওনার অতীতের সময় কেটেছে,

জীবনে কোন কোন ভুল করলে বিপদ হতে পারে আরো অনেক। তবে ওনার সব কথার মধ্যে একটা কথা ছিল যেটা মনে গেঁথে আছে -'যা হেয় হোক, মাঠে নেমেছি যখন এরশেষ দেখেই ছাড়বো'। সত্যি বলছি গায়ে কাঁটা দিয়ে উঠেছিল কথাটা শুনে। ভুলে গেছিলাম জীবনের সব সমস্যা সেই মুহূর্তে, নিজেকে একপ্রকার যোদ্ধা মনে হয়েছিল সেদিন। স্যারের কথা শেষ না হতেই সিনিওর দাদারা একপ্রকার নাচতে নাচতে ঘরে আসার অনুমতি নিল। চেঁচিয়ে বলতে লাগলো স্যার আমাদের ট্যুর এবার হবেই কনফার্ম, শুধু এবার ভাই বোনেরা রাজি হলেই হলো।

স্যার দাদাদের থামিয়ে দিয়ে আমাদের দিকে তাকিয়ে বললেন যে, এবার আমাদের ডিপার্টমেন্ট একটা ট্যুরের আয়োজন করেছে তোমরা যারা যেতে ইচ্ছুক নাম দিয়ে দিও। তবে আশা রাখছি গেলে তোমাদের ভালই হবে। অনেক কিছু জানতে পারবে অনেক কিছু শিখতে পারবে। একপ্রকার হুজুকের বসে নাম লিখিয়েই ফেললাম লিস্টে। সব কাজ কমপ্লিট, ব্যাগ গোছানো রেডি হঠাৎ মনে হলো একা যেতে পারবো না- মা বাবাকে ছেড়ে। নির্মল স্যারকে ফোন করলাম যাতে কোনোভাবে টিকিটটা ক্যান্সেল করা যায়। সেদিন স্যারও জীবনে আরেকটা শিক্ষা দিলেন ছোট্ট কিছু কথার মাধ্যমে। তারপর আর খুব একটা ভয় করেনি, মনে সাহস জাগিয়ে নিয়ে বাবা-মাকে বিদায় জানিয়ে রওনা হলাম সুদূর লাভার উদ্দেশ্যে।

সময় যে হয়ে এলো ট্রেনে ওঠার, এবার যে বিদায় দিতে হবে কিছুদিনের জন্য এ শহরকে। চেনা গলি ছেড়ে অচেনার দিকে পা বাড়াতে হবে এবার। একটু অস্বস্তি তো হচ্ছেই, সঙ্গে ভয় তো লেগেই আছে। ট্রেনটা ছেড়ে দিল। চললো তার গন্তব্যের উদ্দেশ্যে। শহর পেরিয়ে মাঠ, মাঠ পেরিয়ে গ্রামের মধ্যে দিয়ে চলতে থাকলো আমাদের ট্রেন। আসতে আসতে অন্ধকারের রাজত্ব শুরু হলো। আকাশে যেন কেও কালি ঢেলে দিয়েছে। চারিদিকে অন্ধকার, নিস্তব্ধতা আর প্রকৃতি হঠাৎ শান্ত। শুধু মাঝে মাঝে বেঁচে থাকার জানান দিচ্ছে ট্রেনের ইঞ্জিনের আওয়াজ।

প্রথম প্রকৃতির উপস্থিতি এত ভালো ভাবে লক্ষ্য করলাম। রাতের আকাশ কেমন দেখতে হয় ছোটবেলায় দেখেছি, কিন্তু যন্ত্র যুগে এসে তা বেমালুম ভুলেই গিয়েছিলাম। রাত পাখিদের ডাক, জলের ছন্দ, বাঁধের জল পড়ার আওয়াজ সব মিলিয়ে এক আলাদা জগৎ তৈরি করেছিল।

সকালে পাখির ডাকে ঘুম ভাঙলো। সোনালী রোদের আলো চোখে পড়ে চোখ যেন ঝলসে যাচ্ছিল। চায়ের বাগান প্রথম দেখতে পেলাম। কি সুন্দর সে দৃশ্য!! সারি সারি করে উঠেছে চায়ের বাগান, মাঝে মাঝে উঁচু উঁচু গাছ। যতদূর দেখা যায় যানবাহনের ধোওয়া নেই, মেঘ মুক্ত খোলা আকাশ দেখা যাচ্চে। আরও এগোতেই তিস্তার ওপর এলাম। নীচে দেখা যায় এখানকার সব চেয়ে বড়ো নদীটি। কিন্তু তার চেহারা যেন বেদনা দিচ্ছে। তার সজল মুক্তোর মতন জল যে কমে এসেছে। মনটা যেন ভারাক্রান্ত হয়ে এলো। কিছুক্ষণ পরে আমরা আমাদের গন্তব্যে পৌঁছলাম। সারা রাতের ধকল, ক্লান্তি দূর করতে আমাদের একটি বিশেষ জায়গাতে নিয়ে যাওয়া হলো । তার পরিবেশও বড্ড মনোমুগ্ধকর। পথচলতি যাত্রীদের আকৃষ্ট করার জন্যই এত আয়োজন তাদের। সব শেষে আবার রওনা দিলাম।

গাড়ি চলতে শুরু করল পাহাড়ের নীচের রাস্তা দিয়ে। ছোটবেলায় বইতে অনেক পড়েছি, শিক্ষিকাদের কাছে গল্পও শুনেছি অনেক গরুমারা অভয়রণ্য নিয়ে। প্রথমবার তা স্বচক্ষে দর্শনের অনুভূতি পেলাম। দু'ধারে সাইনবোর্ডে লেখাগুলো পড়ছিলাম আর ভাবছিলাম যদি কোনো হাতির দেখা মেলে। কিন্তু বিধি বাম ছিল তাই আর সে সৌভাগ্য হলো না।

'আমার চোখে তো সকলই শোভন,
সকলই নবীন, সকলই বিমল, সুনীল আকাশ, শ্যামল কানন,
বিশদ জোছনা, কুসুম কোমল- সকলই আমার মতো।'

শুনেছি প্রকৃতি অনেক ভালো ভালো রোগের ওষুধ, প্রমাণটা একদম হাতেনাতেই পেয়েছিলাম। সবুজের দিকে তাকিয়ে হারিয়ে গিয়েছিলাম, খুঁজছিলাম নিজেকে ... একটু অন্যভাবে।হয়তো এটাই আমি ছিলাম, হয়তো এটাই আমার রূপ ছিল, যা প্রকৃতি নিংড়ে বার করে নিচ্ছিল।

গাড়ি আসতে আসতে পাহাড়ি রাস্তায় উঠতে শুরু করেছে। দু'ধারে চায়ের বাগানের সন্ধান পেলাম। চারিদিকে সবুজ আর সবুজ, মেলা বসেছে সবুজের মনে হচ্ছে ... ভালোই লাগছে সব মিলিয়ে। মন এখন আগের মতন ভারাক্রান্ত নেই। মাঝখান দিয়ে এঁকে বেঁকে সাপের মতন বয়ে চলেছে রাস্তা। কখনো উঁচু-নিচু, কখনো ভীষণ বাঁক। কল কবজার দুনিয়া থেকে সম্পূর্ণ আলাদা। মন শান্ত করে দেওয়া পরিবেশ। শান্ত বাতাসের অগাধ বিচরণ। কোনো ঝগড়া নেই, কোনো দৌড় নেই এগোনোর , মিলে মিশে আছে সব।

হঠাৎ করে নজর গেল রাস্তার দুপাশে। আবারও চায়ের বাগান দেখতে পেলাম। মজার দুনিয়ার ছবির মতোন লাগছিলসবটা। সিনেমার মতোন দেখছিলাম এক ঘর যুবক-যুবতী, বয়স্করা নিখুঁত পারদর্শিতা নিয়ে চা তুলছেন। নেমে কাছে গেলাম কাছ থেকে দেখবো বলে। হয়তো প্রকৃতি চেয়েছিল কিছু সত্য দেখাতে। বোঝাতে চেয়েছিল যা দূর থেকে দেখা যায় তা সব সময় সত্যি নয়। চাঁদ দূর থেকে সুন্দর লাগলেও, তার গায়ে হাজারো কালো দাগ রয়েছে। ঠিক তেমনি সব কিছু সিনেমেটিক মনে হলেও তাদের কষ্টের কোনো অন্ত নেই। কিছু দেখে আর কিছুটা এটকে উপলব্ধি করতে পারলাম ওদের কষ্ট। পেট জ্বালানো খিদে মেটাতে সামান্য অর্থের জন্য জীবনের সব রসটুকু নিংড়ে দিচ্ছে।

সত্যি কিছু সময়ের জন্য জীবনটা হাস্যকর মনে হলো। হাতের কাছে সব কিছু পেয়েও মনে হয় জীবনে কত কষ্ট, মনে হয় জীবনে সুখ শান্তি সাচ্ছন্দ কিছুই নেই ... আর এই মানুষগুলো ?? এরা তো মুখ বুজে নিজেদের ভাগ্য মেনে নিয়ে এগিয়ে চলেছে। প্রশ্ন আসলো জীবন তবে কি ??

শুরু হলো মনের প্রশ্নের উত্তর খোঁজার পথ। সময় বইতে থাকলো ওপরের দিকে উঠতে থাকলাম এঁকে বেঁকে। পথের ধার দিয়ে ভারী ভারী বোঝা কাঁধে মানুষের দেখা মিলল।

এবার একটু শীতল ভাব লাগছে চারিদিক। আরো শান্ত হচ্ছে পরিবেশ, যানজটের ভাব আরো কমে গেছে। পাশে বসে থাকা আমার শিক্ষক-শিক্ষিকা আমার ছোট ছোট প্রশ্নের উত্তর দিয়ে যাচ্ছেন। প্লে লিস্টে গান বাজছে। আর সাবই তাকিয়ে প্রকৃতি উপভোগ করছি। গাড়ি চালক গাড়ি থামালেন, গাড়ি

থেকে নেমে এগোতেই ছোট্ট ঝর্ণা দেখতে পেলাম। এখানকার বিখ্যাত পিকনিক স্পটও বটে জায়গাটি 'পাপরখেতি'। নামটা উচ্চারণ করতে গেয়েই আমার চোয়াল শক্ত হয়ে গেল। উপর থেকে সব কিছু দেখতে চাইছিলাম কিন্তু হঠাৎ করেই মনে অ্যাডভেঞ্চারের কথা এলো। বেশি সাহস দেখিয়ে শিক্ষক, শিক্ষিকা ও আমার নতুন পরিবারের সদস্যদের সাথে নীচে নামলাম।সে পথও ভারী দুর্গম। কিন্তু পথ দেখিয়ে আমাদের তারাই নিয়ে গেলেন।

ঝর্ণার বয়ে চলা দেখা হয়নি কোনোদিন। তাই এই সুযোগ হাতছাড়া করতে পারিনি। যতটা পেয়েছিলাম লুফে নিয়েছিলাম তার আপন ছন্দে নেমে বয়ে চলার মাধুর্য্য। পাহাড়গুলো তাদের উপস্থিতি আর নির্মমতার পরিচয় তাদের আকৃতিতেই দিয়ে দিয়েছে। আর পাহাড়ি গাছগুলো যেন তার সাথে এক মাদকতার সৃষ্টি করেছে। জলের সেই প্রচন্ড শীতলতা, হাত ছুঁয়ে শরীরের কোষ যেন লজ্জায় মুর্ছা যেতে চাইলো। ফিরতে মন না চাইলেও ফিরতে হয়েছিল, কারণ আরো বেশি কিছু আমাদের জন্য অপেক্ষা করেছিল।

আবারো যাত্রা শুরু হলো এঁকে বেঁকে, বাঁকগুলো যেন এবার আরো ভয়ংকর হয়ে উঠলো। প্রকৃতি যেন তার রাগ বোঝাতে চাইছে এমন আকারের মাধ্যমে। বোঝাতে চাইছে তার ওপর হওয়া ক্ষতর যন্ত্রণা। নিস্পাপ প্রাণীদের ধ্বংস করার প্রতিবাদ জানাচ্ছে ধ্বসে যাওয়া রাস্তার পাথরের টুকরোগুলো। শীতটা এবার অনেকটাই জাঁকিয়ে বসলো ঘাড়ে। এসে পৌঁছালাম 'লাভা'। 'মনে প্রশ্ন জেগেছিল যে লাভা তো গরম, তবে এত শীতল জায়গার নাম কেন লাভা রাখা হয়েছে?' যদিও সে প্রশ্নের উত্তর আমার এখনও অবধি পাওয়া হয়নি।

বিকেলে একটু বেড়িয়েছিলাম, আরো কাছ থেকে দেখতে সবকিছু। কিন্তু যতটা সহজ সবকিছু গাড়িতে উঠতে মনে হয়েছিল ততটা সহজ ছিল না পথ।কোথাও কোথাও এতটা ঢালু ছিল যে উঠতে প্রাণপাখি খাঁচা ছাড়া হয়ে যাচ্ছিল। আর এখানকার মানুষগুলো কত সহজে সব কিছু করে ফেলে। কোনো অভিযোগ নেই তাদের। কষ্ট করে উঠলাম তবুও, প্রকৃতির সৌন্দর্য দেখতে। চারিধার দিয়ে পাইন গাছের সারি। এত লম্বা লম্বা গাছ দেখতে গিয়ে ঘাড়টা প্রায় বেঁকেই যাচ্ছিল। পাইন গাছগুলো পাশাপাশি দাঁড়িয়ে আমাদের শুভেচ্ছা জানালো এখানে আসার। ভাবলাম একবার বইতে পড়েছিলাম বটে যে এখানে নাকি ওরাং ওটাং দেখতে পাওয়া যায়। আমারও কি তবে দেখতে পাবো এরকম কিছু!! নাকি দেখা মিলবে আরো নতুন কিছুর। দেখা পেলাম না সেই পাহাড়ি প্রাণীদের, কিন্তু দেখা মিলল এখানকার মানুষের ক্রীড়াভ্যাস। দেখছিলাম কতটা নিখুঁত তাদের তীর ছোঁড়ার নিশানা। কতটা পারদর্শী তারা তাদের কাজে।

সন্ধ্যে নামলো, আসত আসতে চারিদিক মেঘে ঢেকে গেল, ঠান্ডা হাওয়া বইছে আর আমরা মেঘের মধ্যে দিয়ে হাঁটছি। সত্যিই যেন স্বর্গ সুখ অনুভূত হচ্ছে, মনে হচ্ছে এখানেই থেকে যাই সারাজীবন। সব ভুলে চিন্তা মুছে দিয়ে এখানেই নিজের জীবন কাটিয়ে দিই।

রাত্রি নামলো শীতের প্রকোপ আরো বাড়লো, সবি কিছু নিস্তব্ধ মনে হচ্ছে সময় যেন থেমে গেছে।

তারপর চোখ তন্দ্রাচ্ছন্ন হলো।
পাখি সব করে রব রাতি পোহাইল।
কাননে কুসুমকলি সকলি ফুটল।
শীতল বাতাস বয় জুড়ায় শরীর
পাতায়-পাতায় পড়ে নিশির শিশির।

সূর্যের আলো দেখার সৌভাগ্য হলো না সেদিন, প্রকৃতির অশ্রু দিয়ে সকালের শুরু হলো। পাহাড়ের কোলে মেঘের অলসতা কাটলো। নিস্তব্ধ চারিদিক, পাখিরাও আজ ডাকছেনা। হয়তো ওরাও একদিনের বিশ্রাম চাই। কিন্তু ক্ষুধাতে কাতর মানুষগুলো সব কিছু উপেক্ষা করে ছুটে চলেছে গন্তব্যে। দুদিনের ঘুরতে যাওয়া সব কিছু ভালো করলেও, সেই ভালোকে নিখুঁত করার দায়ত্ব কিন্তু তাদের হাতেই।

আরো অজানা প্রশ্নের উত্তর খুঁজতে আবারও বেরিয়ে পড়লাম পরিবারকে নিয়ে। এবার দেখা মিলল বড় এক পাহাড়ি ঝর্ণার। নাম তার 'ছাংগে ফলস্' কিন্তু সে পথও যে নরকের পথের চেয়েও দুর্গম। তবে কি প্রকৃতি আবারও কোনো শিক্ষা দিতে চাইছে আমাদের! বোঝাতে চাইছে তার হিংস্রতা? ঝর্ণা তো বয়ে যায় নিজের তালে খানিক এঁকে বেঁকে কাউকে পরোয়া না করে। সেই দুর্গম পথ পাড়ি দিই আমরা কি করে? সেই পথে তারাই ফুল ছিটিয়ে দেওয়ার দায়িত্ব নেয়। আর তারপর আমরা চোখের তৃষ্ণা মেটাই সেই পথে হেঁটে। সবুজের মাঝে নদী বয়ে চলেছে। একটা সুন্দর মিষ্টি শব্দ ভেসে আসছে কানে। ঝিঁঝিঁ পোকাগুলো ওদের উপস্থিতি জানান দিচ্ছে। বাতাস মলিন চুমু আমাদের কপালে এঁকে দিচ্ছে। আর আবারও প্রকৃতি ভালোবেসেআ ামাদেরঅ াহ্বানজ ানাচ্ছে।হ য়তোআ ারোকি ছু বাঝাতেচ াইছে।অ ালোরে পছনের অন্ধকারটা তুলে ধরতে চাইছে। নিচে নেমে কিছু মুহূর্ত ক্যামেরাবন্দী করলাম। আবারও জলের স্পর্শ পেলাম।

বিদায় দেবার বেলা এখন ঝর্ণাকে। উঠতে হবে বাড়ির জন্য। কি পথ এটা! এত উঁচু যে গড়িয়ে পড়লে মৃত্যু অবধারিত। সেখানেই পাহাড় কেটে সিঁড়ি তৈরির ব্যর্থ প্রচেষ্টা। জীবন যে বেরিয়ে যেতে চাইছে ... শরীরে যে আর পারছে না নিতে এত যন্ত্রণা। কিন্তু এরা কী করে পারছে তবে? ওই ভারী বালির বস্তাগুলো কাঁধে নিয়ে নামা ওঠা করতে! সবটাই কি তবে পেটের দায়ে? দুটো আহারের আশায়? যেখানে আমাদের উঠতে মনে হচ্ছে এর থেকে মৃত্যু ভালো সেখানে এরা হাসি মুখে আমাদের জন্য রাস্তা তৈরি করে দিচ্ছে। জানি না কিছুই যে আর ভাবতে পারছি না, দম আটকে আসছে এবার। এ যে চোখে দেখলে কঠিনও জল হয়ে যাবে। ভগবান কি তবে দেখতে পান না এসব? যেখানে এদের জানা নেই পরের দিন সূর্য দেখতে পারবে কিনা, সেখানে ওরা এত কষ্ট করেও কিভাবে কোনো অভিযোগ ছাড়াই আছে!!

জানি না সত্যি আজ আর কিছু জানার নেই। জীবনের আসল অর্থ কি তবে এই???

আমরা কি তবে বেশি পেয়ে গেলাম? তাহলে এটা কেন মনে হয় আমাদের যে আমরা সুযোগ পায়নি?

কেন তবে সব কিছু থাকার পরেও অরো পেতে ইচ্ছে করে? এত প্রশ্ন মনে । তার উত্তর কি তবে এই জিনিসগুলোই?

যা প্রকৃতি থেকে পরিজন থেকে পেয়েছি তাই নিয়ে সুখে থাকা। প্রকৃতিকে বেশি না ভেঙে তার যা আছে তাই নিয়েই সুখে থাকা। সত্যিই হয়তো তাই।

তবে আজ যে কোনো অভিযোগ নেই কারোর প্রতি তা ভালোই বুঝতে পারছি। মন একেবারে শান্ত হয়ে গেছে। নিজের না পাওয়াগুলোকে এদের কষ্টের কাছে সুখের মনে হচ্ছে। মনে হচ্ছে সত্যিই আমরা অনেক সুখী, জীবন আমাদের অনেক কিছু দিয়েছে। শুধু সেগুলো সৎ ব্যবহার আমরা করতে পারিনি তাই এত অভিযোগ জমেছিল মনে। তবে আজ আর কোনো মান অভিমান নেই, কোনো হারা জেতার দৌড় নেই। আছে শুধু মনের অনেক তৃপ্তি, অনেক ভালোবাসা।

মেঘগুলোকে বড্ড ভালোবেসে ফেলেছি এই দুদিনে তাই ছেড়ে যেতে কষ্ট হচ্ছে। কিন্তু আর যে কোনো উপায় নেই। সময় যে খুব স্বল্প ছিল। এবার যে বাড়ি ফেরাব পালা। সবকিছুকে বিদায় জানিয়ে নিজের পুরনো ছদ্মবেশে আসার পালা। ঘরে যে এবার নতুন ইঁট গাঁথতে হবে। জেগে দেখা স্বপ্নগুলোকেও যে পূরণ করতে হবে। দায়িত্ব আছে অনেক সেগুলোও যে পূরণ হবে। তাই কষ্ট হলেও বিদায় যে দিতেই হবে।

আসি তবে এবার প্রকৃতি, নতুন প্রবাহে যে ফিরতে হবে। হয়তো আবার কোনোদিন দেখা হবে। সেদিন আমরা নিজেদের পুরনো সাক্ষাতের গল্প মনে করবো আর আপন মনে কথা বলবো।

সেদিন হয়তো আরো হিংস্র হয়ে উঠবে তুমি, আর আমি হয়তো বুঝবো আবারও তোমার নতুন কাহিনী।



সুপ্রীতি মোদক
পদার্থবিদ্যা অনার্স (SEM-III)

# নবদ্বীপ বিদ্যাসাগর কলেজ



## ছাত্র-ছাত্রীবৃন্দ - (২০২১-২২)

# স্বাধীনতা দিবস উদ্‌যাপন - ২০২১









# প্রজাতন্ত্র দিবস উদ্‌যাপন- ২০২২










# এন.এস.এস. এবং এন.সি.সি.-র কর্মসূচি- ২০২১-২২






# নবদ্বীপ বিদ্যাসাগর কলেজের শিক্ষক সংসদ



# নবদ্বীপ বিদ্যাসাগর কলেজের শিক্ষাকর্মীবৃন্দ



# চিত্রাঙ্কণ





প্রিয়া দেবনাথ
দর্শন অনার্স (SEM-V)





সায়নী ঘোষ
বটানী অনার্স (SEM-I)

# চিত্রাঙ্কণ






পারিজা মুখার্জী
এনভায়রনমেন্ট সায়েন্স অনার্স (SEM-VI)

# চিত্রাঙ্কণ





অনীশ পাল
বি.এস.সি. প্রোগ্রাম (**SEM-II**)

# চিত্রাঙ্কণ

## পেনসিল ওয়ার্ক





অর্ণবী দত্ত
বাংলা অনার্স **(SEM-V)**